

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২৩

আগরতলা, ০৪ জুন, ২০১৯

সবুজ ত্রিপুরা গড়তে মুখ্যমন্ত্রীর আহ্বান

বনমহোৎসবের প্রাক্কালে সবুজ ত্রিপুরা গড়ে তোলার আহ্বান জানানেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আজ বন দপ্তরের উদ্যোগে গ্রীণ চ্যালেঞ্জ কর্মসূচির অঙ্গ হিসাবে মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে একটি গাছ রোপণ করে এক বার্তায় রাজ্যবাসীর কাছে মুখ্যমন্ত্রী ‘সুন্দর ত্রিপুরা-সবুজ ত্রিপুরা’ গড়ার আহ্বান জানিয়েছেন। রাজ্যবাসীর উদ্দেশ্যে এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘গাছ আমাদের পরম বন্ধু’। গাছ থেকে আমরা অক্লিঞ্জন পাই। তা থেকেই আমাদের শ্বাস-প্রশ্বাস। যতক্ষণ পর্যন্ত এই পৃথিবীতে গাছ রয়েছে ততক্ষণ পর্যন্ত জীবের অস্তিত্ব থাকবে। তাই জীবের অস্তিত্ব রক্ষা তথা নিজেদের অস্তিত্বকে বাঁচিয়ে রাখার স্বার্থে এবং জীবনকে প্রকৃতির সঙ্গে একাত্মভাবে মিশিয়ে রাখার জন্য গাছ লাগানো আবশ্যিক। তিনি আবেদন জানিয়ে বলেন, প্রত্যেক ব্যক্তি অন্তত একটি করে গাছ লাগান। ‘আমিও গাছ লাগিয়েছি - আপনিও গাছ লাগান’ রাজ্যবাসীর কাছে এই শ্লোগান তুলে ধরেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*